গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শহীদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৫/২০২০ খ্রি., সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সভাকক্ষ (ব্লক-এ)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**২.০ সূচনা:**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ড. দিপংকর রায়, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন এবং বিগত সভার অগ্রগতি তুলে ধরার জন্য বেগম আকলিমা খাতুন, উপপরিচালক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কে আহ্বান করেন।

**৩.০ আলোচনা:**

**৩.১ আলোচ্যসূচি 'ক'** অনুযায়ী সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচকসমূহের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। আলোচ্যসূচি 'ক' অনুযায়ী উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ গত মাসের সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, গত সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এপিএ টিম কর্তৃক খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রস্তুত করা হয়েছে এবং সে মোতাবেক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১-এর খসড়া প্রস্তুত করা হয়েছে। সভায় উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, ২০১৯-২০ সালের কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, ভোক্তা মূল্য সূচক (CPI) প্রণয়ন, মজুরি হার সূচক (WRI) প্রণয়ন, নির্মাণ সামগ্রী মূল্য সূচক (BMPI) প্রণয়ন, বাড়ি ভাড়া সূচক (HRI) প্রণয়ন, শিল্প উৎপাদন সূচক-বৃহৎ ও মাঝারি (QIIP-Large & Medium Scale) প্রণয়ন, শিল্প উৎপাদন সূচক-ক্ষুদ্র (QIIP-Small Scale) প্রণয়ন, উৎপাদকের মূল্য সূচক (PPI) প্রণয়ন ইত্যাদি সূচকসমূহ যেহেতু পরবর্তীতে রিপোর্ট আকারে প্রকাশিত হয় সেজন্য উল্লেখিত সূচকসমূহের দ্বৈততা পরিহারের জন্য ২০২০-২১ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি থেকে উল্লেখিত সূচকসমূহ বিয়োজন করে নতুন কয়েকটি সূচক অন্তর্ভুক্ত করা যায়। সভাপতি বলেন যে, উল্লেখিত সূচকসমূহ পর্যাপ্ত পর্যালোচনান্তে প্রয়োজনীয় বিয়োজন করতে হবে।
এছাড়া, সভাপতি এপিএ টিম বিবিএসকে জনশুমারি ও গৃহগণনা ২০২১-সহ অন্যান্য গুরুত্বপূর্ণ উইং/প্রকল্পসমূহের উল্লেখযোগ্য কার্যক্রম নির্দিষ্টকরণপূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১-এ অন্তর্ভুক্তির নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে, জনাব ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক ও এপিএ টিম প্রধান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জনশুমারি ও গৃহগণনা ২০২১-সহ অন্যান্য গুরুত্বপূর্ণ উইং/প্রকল্পসমূহের উল্লেখযোগ্য কার্যক্রম নির্দিষ্টকরণপূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১-এ অন্তর্ভুক্ত করা হবে বলে জানান। কার্যক্রম [৪.১] জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ নামক সূচকটি পরিবর্তন করে আন্তর্জাতিক প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী পরিচ্ছন্নতা বিষয়ক একটি নতুন সূচক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। ড.দিপংকর রায়, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবগত করেন যে, খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১-এর পর্যালোচনান্তে দেখা যায় যে, কিছু নিয়মিত কর্মসম্পাদন সূচকের টাইমলাইন চলতি বছরের তুলনায় বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে যে, পূর্ববর্তী বছরের চেয়ে পরবর্তী বছরের কার্যক্রম সম্পাদনের সময় কমিয়ে আনতে হবে।

**৩.২ আলোচ্যসূচি 'খ'** অনুযায়ী মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএটিম, বিবিএস জানান যে, জুন মাসের বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদন সূচক [২.১.২] নমুনা কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির তথ্য সংগ্রহ সম্পন্নকৃত এবং কর্মসম্পাদন সূচক [২.২.১] জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রশ্নপত্র প্রণয়ন ও প্রিটেস্টিং সম্পন্নকৃত-এর কার্যক্রমসহ বেশ কিছু সূচকের তথ্য সংগ্রহ এবং বাস্তবায়ন বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে বিঘ্নিত হচ্ছে এবং এ কারণে উল্লেখিত সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা কঠিন হবে। পরিপ্রেক্ষিতে জনাব ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক ও এপিএ টিম প্রধান, বিবিএস বলেন যে, উল্লেখিত সূচকসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিকট থেকে বর্তমান অবস্থান এবং অগ্রগতি পর্যালোচনা করা হবে এবং বাস্তবায়ন কেন সম্ভব হবেনা তার যৌক্তিক কারণ জানা হবে। সভাপতি বলেন যে, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে যেসকল সূচকের বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে সেসকল সূচকের যৌক্তিক কারণ পর্যালোচনাপূর্বক এপিএটিম, বিবিএস পরবর্তী সভায় উপস্থাপন করবে।

৪.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. আলোচনা মোতাবেক ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি থেকে উল্লেখিত সূচকসমূহ পর্যাপ্ত পর্যালোচনান্তে প্রয়োজনীয় বিয়োজন, অন্তর্ভুক্ত এবং পরিমার্জন করতে হবে।

২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী পরিচ্ছন্নতা বিষয়ক একটি নতুন সূচক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ তে অন্তর্ভুক্ত করতে হবে।

৩. বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে যেসকল সূচকের বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে সেসকল সূচকের যৌক্তিক কারণ পর্যালোচনাপূর্বক এপিএটিম, বিবিএস পরবর্তী সভায় উপস্থাপন করবে।

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৬/২০২০

মো. শহীদুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৭.১৯ (অংশ-১).২৫১

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০২ জুন ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে)- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

০১. জনাব ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক ও এপিএ টিম প্রধান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০২. উপসচিব (উন্নয়ন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩. উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা)/ প্রোগ্রামার/ উপপরিচালক (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫. বেগম মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএটিম, বিবিএস, ঢাকা।
০৬. সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৪. অফিস কপি/গার্ড নথি।

ড. দিপংকর রায়
উপসচিব
ফোন: ৫৫০০৭০৭৩